

(প্রেস বিজ্ঞপ্তি)

২১ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা মূলক প্রচার অভিযানে চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা

ডেঙ্গু মশার থেকে রক্ষা পাওয়ার জন্য আমাদের

আশ পাশের পরিবেশ পরিচ্ছন্ন রাখতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম বলেন, নোংরা ও অপরিষ্কার জায়গা, নোংরা জমাটবদ্ধ পানি, ডোবা ও ঝোপঝাড় এবং নগরীর যত্রতত্র ময়লা-আবর্জনা ফেলে পয়োনিকাসনের প্রতিবন্ধকতা সৃষ্টি করার কারণে জমাট পানিতে ডেঙ্গু মশা জন্ম নেয়। ডেঙ্গু মশার থেকে রক্ষা পাওয়ার জন্য আমাদের আশে পাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। আজ বুধবার সকালে নগরীর পশ্চিম ষোলশহর ওয়ার্ডে ডেঙ্গু রোগ সচেতনতা ও প্রতিরোধ ক্যাম্পেইন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

পশ্চিম ষোলশহর ওয়ার্ড কাউন্সিলর মো. মোবারক আলী'র সভাপতিত্বে এতে আরো বক্তব্য রাখেন- প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা ও মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীসহ স্থানীয় ব্যক্তিবর্গ।

প্রধান নির্বাহী কর্মকর্তা আরো বলেন, ডেঙ্গু একটি মশাবাহিত রোগ। ডেঙ্গু জ্বর প্রতিরোধের টিকা এখনো সহজলভ্য নয়। তাই এড়িয়ে চলাই ডেঙ্গু প্রতিরোধের প্রধান উপায়। এছাড়া মশার আবাস্তল বংশবিস্তার উপযোগী বিভিন্ন জায়গা পরিষ্কার-পরিচ্ছন্নতা রেখে ডেঙ্গু মশার বংশবৃদ্ধি বন্ধ রাখতে হবে। তিনি বলেন, এই মশা সাধারণত দিনের বেলায় কামড়ায়। তাই দিনের বেলায় আমাদের সাবধানে থাকতে হবে।

চসিক ভ্রাম্যমাণ আদালত

বিভিন্ন অপরাধে ৯ ব্যক্তিকে ৮৭ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরের পাঁচলাইশ থানাধীন মুরাদপুরস্থ পিলখানা আবাসিক এলাকায় জনৈক ব্যক্তি নালায় পাকা দেওয়াল দিয়ে পানি চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় উক্ত দেওয়াল অপসারণ করে নালায় পানি চলাচলের পথ উন্মুক্ত করে দেওয়া হয়। একই অভিযানে মুরাদপুর, পিলখানা ও বিবিরহাট এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধের জন্য এডিস মশার উৎসস্থল বিভিন্ন বাসা বাড়ীর ছাদ বাগান ও নির্মাণাধীন ভবন পরিদর্শন করা হয় এবং যেসব স্থানে এডিস মশা জন্ম নেয় সেসব স্থান পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য জনসাধারণকে সচেতন করা হয়।

এছাড়াও ১নং রেল গেইট থেকে আতুরের ডিপো পর্যন্ত হাটহাজারী রোডের উভয় পার্শ্বের রাস্তা ও ফুটপাথ দখল করে দোকান নির্মাণ করায় প্রায় ২০টি দোকানের বর্ধিত অংশ অপসারণ করে রাস্তা ও ফুটপাথ অবৈধ দখলমুক্ত করা হয়। এই সময় সিটি কর্পোরেশনের জায়গা ও রাস্তা দখল করে লোহা ও পুরাতন গাড়ীর যন্ত্রাংশ রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৫ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৭০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অভিযানে নগরীর চান্দগাঁও আবাসিক এলাকায় একটি ছাদ বাগান ও তিনটি নির্মাণাধীন ভবনের নির্মাণ সামগ্রী রেখে পথচারী ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় এবং নির্মাণাধীন ভবনের নীচে এডিস মশা বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় উক্ত চার ভবন মালিকদের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৭ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এই সময় ভ্রাম্যমাণ আদালতের উপস্থিতিতে জমাট পানি নিষ্কাশনের ব্যবস্থা করা হয় এবং ভবিষ্যতে পানি জমা থাকলে তা দ্রুত নিষ্কাশনের ব্যবস্থা নেওয়ার জন্য ভবন মালিকদের নির্দেশনা প্রদান করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

এছাড়া গতকাল ২০ সেপ্টেম্বর মঙ্গলবার চসিক প্রধান রাজস্ব কর্মকর্তা সৈয়দ শামসুল তাবরীজ বহদুরহাট স্বজল সুপার মার্কেট, হক সুপার মার্কেট, বসুন্ধরা কমিউনিটি সেন্টার এলাকায় অভিযান পরিচালনা করেন। উক্ত মার্কেট সমূহে স্পটে ১১টি ট্রেড লাইসেন্স প্রদান

করে ১৭ হাজার ৩শত ৪০ টাকা ও নবায়ন বাবদ ৮৪ হাজার ০১শত ১৯টাকা আদায় করেন এবং বসুন্ধরা কমিউনিটি সেন্টারের সামনের
প্ল্যাবের অনুমোদন না থাকায় তা ঙ্গে দেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮-২৪-৪৭৭৬৯৩